# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 12 May, 2025

সাতক্ষীরা রেঞ্জের গহিন সুন্দরবনে মান্দারবাড়িয়া চরে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক পুশকৃত ভারতীয় নাগরিক সহ ৮১ জনকে শ্যামনগর থানায় হাস্তান্তর করেছেন মোংলা কোস্টগার্ড। গত রোববার রাত ১১টার দিকে মোংলা কোস্টগার্ড চিফ পেটি অফিসার (পিও) মোঃ মশিউর রহমানের নেতৃত্বে সদস্যরা তাদের শ্যামনগর থানায় হস্তান্তর করেন। এর আগে গত শুক্রবার বিকালের দিকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী ও কোস্টগার্ড যৌথভাবে ওই সমস্ত ব্যক্তিদের সুন্দরবনে মান্দারবাড়িয়া চরে ফেলে চলে যায়। পরবর্তীতে মান্দারবাড়িয়া বন টহল ফাঁড়ির সদস্যরা তাদের উদ্ধার করে। পুশইনকৃতদের বিএসএফ শারীরিকভাবে ব্যাপক নির্যাতন করে জানাযায়।

তিন ভারতীয় নাগরিক হলেন- গুজরাট এলাকার মুন্না সাহার ছেলে হাসান সাহা, সোয়েল শেখের ছেলে সাইফুল শেখ ও খালিদ শেখের ছেলে আব্দুর রহমান শেখ।তারা গুজরাটের স্থায়ী বাসিন্দা আলাপকালে জানান।

শ্যামনগর থানার ওসি মোঃ হুমায়ুন কবির মোল্যা সার্বিক বিষয়ের সত্যতা নিশ্চিত করে বলেন, মোংলা কোস্টগার্ড ভারতীয় বিএসএফ কর্তৃক পুশকৃত ভারতীয় নাগরিক সহ ৮১জনকে শ্যামনগর থানায় হস্তান্তর করেছে। জিজ্ঞাসাবাদে ৭৮জনের বাড়ী নড়াইল জেলায় জানাযায়। তাদেরকে জাতীয় নাগরিক সনদপত্রের ভিত্তিতে নিজ নিজ বাড়ীতে প্রেরণ করা হবে এবং তিন ভারতীয় নাগরিককে আইনগতভাবে সাতক্ষীরা আদালতে প্রেরণ করা হয়েছে।

সুন্দরবন বিএসএফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:14

URL: https://www.timestodaybd.com/khulna/2373775807